দৈনিক
ইত্তেফাক

তারিখ: 21 NOV 2008
পৃষ্ঠা -20 কলাম -2

উপদেষ্টা পরিষদের বৈঠক

# একমুখী শিক্ষা বাস্তবায়ন স্থগিতসহ রিয়েল এস্টেট ও টেলিযোগাযোগ অধ্যাদেশ-২০০৮ অনুমোদন

উপদেষ্টা পরিষদ ৯ম ও ১০ম শ্রেণীতে একমুখী শিক্ষা ব্যবস্থা বাস্তবায়ন স্থগিত আদেশের মেয়াদ এক বছর বাড়ানোর প্রস্তাব অনুমোদন করেছে। এছাড়া পরিষদ সরকারি এটর্নি সার্ভিস অধ্যাদেশ-২০০৮ পুনঃ প্রণয়নের প্রস্তাব অনুমোদন করেছে। প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদের সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের আজ এক বৈঠকে উপযুক্ত অনুমোদন প্রদান করা হয়।

উপদেষ্টা পরিষদের বৈঠকে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা অধ্যাদেশ ২০০৮ অনুমোদন করা হয়েছে। অধ্যাদেশে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে রিয়েল এস্টেট খাতের উন্নয়নে কাজ করার বিধান রয়েছে। অধ্যাদেশের আওতায় দণ্ডনীয় অপরাধসমূহ আমলযোগ্য ও আপোষযোগ্য হবে, তবে জামিনযোগ্য হবে না। বৈঠকে বাংলাদেশ টেলিযোগাযোগ (সংশোধন) অধ্যাদেশ ২০০৮ নীতিগতভাবে অনুমোদন করা হয়েছে। -তথ্য বিবরণী